

পঞ্চম অধ্যায়: ত্রিপিটক পরিচিতি (অভিধর্ম পিটক)

প্রশ্ন-ক. ত্রিপিটক কয় ভাগে বিভক্ত ও কী কী? [প্রা.শি.স.প. '১৬, '১৫]

উত্তর: ত্রিপিটক তিন ভাগে বিভক্ত, যথা- ক. বিনয় পিটক খ. সূত্র পিটক ও ৩. অভিধর্ম পিটক।

প্রশ্ন-খ. পঞ্চস্কন্ধ কী কী? [প্রা.শি.স.প. ২০১৩]

উত্তর: পঞ্চস্কন্ধ হলো রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান।

প্রশ্ন-গ. পট্ঠান শব্দের অর্থ কী? [প্রা.শি.স.প. '১৬, '১৫]

উত্তর: পট্ঠান শব্দের অর্থ মূল কারণ।

প্রশ্ন-ঘ. তৃতীয় সংগীতিতে একটি পিটকের পূর্ণ প্রকাশ ঘটে। এটি কোন পিটক?

উত্তর: অভিধর্ম পিটকের।

প্রশ্ন-ঙ. পুগ্গল শব্দের অর্থ কী? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: পুগ্গল শব্দের অর্থ ব্যক্তি।

প্রশ্ন-চ. কার রাজত্বকালে ত্রিপিটক প্রথম লিপিবদ্ধ করা হয়?

উত্তর: বট্টগামিনীর রাজত্বকালে।

প্রশ্ন-ছ. ত্রিপিটকের প্রাণ বলা হয় কাকে? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: অভিধর্ম পিটককে ত্রিপিটকের প্রাণ বলা হয়।

প্রশ্ন-জ. বৌদ্ধধর্ম দর্শন সম্পর্কিত তর্কশাস্ত্র কোন গ্রন্থকে বলা হয়?

উত্তর: বৌদ্ধ ধর্ম দর্শন সম্পর্কিত তর্কশাস্ত্র বলা হয় কথাবথু যা অভিধর্ম পিটকের পঞ্চম গ্রন্থ।

প্রশ্ন-ঝ. ধাতুকথা কী?

উত্তর: ধাতুকথা বৌদ্ধধর্মের অন্যতম দর্শন শাস্ত্র যাতে—পঞ্চস্কন্ধ' আয়তন, ধাতু ও ধ্যান প্রভৃতি বর্ণিত হয়েছে।